উৎসব মুখর পরিবেশে বাংলাদেশ শিক্ষক সমিতি কোটচাঁদপুর শাখার নির্বাচন অনুষ্ঠিত

উৎসব মুখর পরিবেশে বাংলাদেশ শিক্ষক সমিতি কোটচাঁদপুর শাখার নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। শনিবার স্থানীয় বাজেবানদহ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এ নির্বাচন হয়। নির্বাচনে বাবুল জোয়াদ্দার সভাপতি,কামরুজ্জামান সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, ২০১০ সালে কোটচাঁদপুর শিক্ষক সমিতির নির্বাচন হয়। ওই নির্বাচনে ওয়াছিউল আলম এবং বাবুল জোয়ার্দার প্যানেল বিজয়ী হয়।

এতদিন তারাই নির্বাচিত নেতা ছিলেন। এরপর আর কোন নির্বাচন অনুষ্ঠিত হয়নি কোটচাঁদপুরে । আজ শনিবার কোটচাঁদপুরে আবারও শিক্ষক সমিতির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এ নির্বাচনে ৪ জন প্রার্থী প্রতিদ্বন্দিতা করেন।

যার মধ্যে সভাপতি পদে বড়বামনদহ প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাবুল জোয়ার্দার,কোটচাঁদপুর সরকারি প্রাথমিক বালিকা বিদ্যালয়ের সহকারি শিক্ষক বাবুল আক্তার। সাধারন সম্পাদক পদে মানিকদিহি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক হাসানুজ্জামান ও নওদাগা কাশিপুর প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক কামরুজ্জামান।

আজ শনিবার সকাল ৮ টা থেকে একটানা বিকাল ৪ টা পর্যন্ত কোটচাঁদপুর বাজেবামনদহ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে চলে ভোট গ্রহন। কোন অপ্রীতিকর ঘটনা ছাড়াই উৎসব মুখর পরিবেশে অনুষ্ঠিত হয় নির্বাচন। এ নির্বাচনে ৪৩০ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন।

এরমধ্যে ২৪৩ ভোট পেয়ে বড়বামনদহ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের বাবুল জোয়ার্দার সভাপতি আর ২০৯ ভোট পেয়ে নওদাগা কাশিপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক কামরুজ্জামান সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

নির্বাচন পরিচালনা করেন, বাংলাদেশ শিক্ষক সমিতির ঝিনাইদহের সাধারণ সম্পাদক শিক্ষক ইয়ারুল ইসলাম।